# প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

**আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬**

তারিখঃ ০৭/০৮/২০২৫

## ম্যানেজমেন্ট ট্রেইনী নিয়োগ বিজ্ঞপ্তি

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রে নিম্নবর্ণিত পদ পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে ক্ষুদ্রঋণ কার্যক্রমে কাজ করতে আগ্রহী কর্মঠ নারী ও পুরুষ প্রার্থীদের নিকট থেকে জরুরী ভিত্তিতে ম্যানেজমেন্ট ট্রেইনী নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। প্রার্থীকে অবশ্যই প্রান্তিক জনগোষ্ঠির সাথে কাজ করার মানসিকতা সম্পন্ন হতে হবে। প্রার্থীদের অবশ্যই মোটর সাইকেল চালাতে হবে।

| | | |
|---|---|---|
| **পদের নাম** | ঃ | **ম্যানেজমেন্ট ট্রেইনী, পদ সংখ্যা- ৩০।** |
| শিক্ষাগত যোগ্যতা | ঃ | মাস্টার ডিগ্রী/সমমান পাস হতে হবে। একাডেমিক পরীক্ষায় যে কোনো ১(এক)টিতে প্রথম বিভাগ/শ্রেণীসহ অন্যান্য পরীক্ষায় কমপক্ষে জিপিএ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় দক্ষ প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হবে। |
| অন্যান্য যোগ্যতা ও দক্ষতা | ঃ | ব্যবস্থাপকের দায়িত্বে নিজের ক্যারিয়ার এগিয়ে নেওয়ার আগ্রহ থাকা; সংস্থার কার্যক্রম এবং ব্যবস্থাপনা নীতি সম্পর্কে জানার আগ্রহ থাকা; ভবিষ্যতে সংস্থায় নেতৃত্ব দেওয়ার জন্য নিজেদের প্রস্তুত করা; সাংগঠনিক এবং সময় ব্যবস্থাপনার দক্ষতা; শক্তিশালী যোগাযোগ এবং আন্তঃব্যক্তিক দক্ষতা; নেতৃত্বের সম্ভাবনা ও শেখার ইচ্ছা; সমস্যা সমাধান বিশ্লেষণাত্মক ক্ষমতা; অভিযোজন যোগ্যতা এবং নমনীয়তা; কম্পিউটার পরিচালনায় দক্ষতা এবং প্রাসঙ্গিক সফটওয়্যার সম্পর্কে সম্যক ধারনা অর্জনের ইচ্ছা থাকা এবং তা পরিচালনায় দক্ষতা; শ্রবণ ক্ষমতা, ধারণ ক্ষমতা এবং বিস্তারিত মনোযোগ; নতুন নতুন চ্যালেঞ্জ গ্রহণের আগ্রহ থাকা এবং তা মোকাবেলা করার দক্ষতা ও একটি দলে স্বাধীনভাবে ইতিবাচক কাজ করার ক্ষমতা। |
| বেতন/ভাতা | ঃ | **৬ (ছয়) মাস প্রশিক্ষণ চলাকালে মাসিক সর্বসাকূল্যে বেতন ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদান করা হবে।** |
| অন্যান্য সুবিধা | ঃ | চাকুরি স্থায়ী হবার পর সংস্থার নীতিমালা অনুযায়ী বর্ধিত বেতন-ভাতা প্রাপ্য হবেন এবং প্রত্যেক স্থায়ী কর্মী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি, ক্রেডিট ইউনিয়ন ফান্ড ও চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন। প্রত্যেক স্থায়ী কর্মীকে প্রতি বছর তাদের প্রধান দুইটি ধর্মীয় উৎসবে ২(দুই)টি উৎসব ভাতা দেয়া হবে। এছাড়াও পহেলা বৈশাখে একটি বৈশাখী উৎসব ভাতা প্রদান করা হবে যা একটি ধর্মীয় উৎসব ভাতার ৫০%। |
| প্রার্থীর বয়স ও শর্তাবলি | ঃ | আবেদনকারীর বয়স ৩১/০৮/২০২৫ তারিখে অনুর্ধ্ব ৩০ বছর। প্রশিকায় কর্মরত কোনো কর্মী আবেদন করতে পারবে না। |
| কর্মস্থল | ঃ | বাংলাদেশে অবস্থিত প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের যে কোনো শাখা অফিস বা উন্নয়ন এলাকা। |

**আবেদন করার নিয়মাবলিঃ**

**A4 সাইজের সাদা কাগজে** আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে: (১) একটি পূর্ণ জীবন বৃত্তান্ত (প্রার্থীর নাম, অবিবাহিত প্রার্থীদের ক্ষেত্রে পিতা ও মাতার নাম, বিবাহিত প্রার্থীদের ক্ষেত্রে পিতা, মাতা, স্বামী/স্ত্রীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নিজ বিভাগের নাম, এনআইডি/জন্মনিবন্ধন নম্বর, মোবাইল নম্বর এবং শিক্ষাগত যোগ্যতা অবশ্যই উল্লেখ করতে হবে)। (২) সাম্প্রতিককালের তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। (৩) সকল শিক্ষ্যাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ/এনআইডি/জন্মনিবন্ধন/অভিজ্ঞতার সত্যায়িত অনুলিপি (৪) **মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে (প্রার্থীর নিয়োগ পরীক্ষাসহ চাকুরি সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত প্রার্থীকে মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে)**। যে সকল প্রার্থীদের মোবাইল ফোন নাই, তারা বিশ্বস্থ কারোর মোবাইল নম্বর উল্লেখ করতে পারবেন, এক্ষেত্রে ঐ বিশ্বস্থ ব্যক্তির নাম উল্লেখ থাকতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**আবেদন ফিঃ** আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা যে কোনো তফসিলি ব্যাংক হতে **"প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র" অথবা "Proshika Manobik Unnayan Kendra"** হিসাবের নামে নিম্নের ছকে উল্লেখিত ব্যাংকের শাখার হিসাব নম্বরে জমা দিতে হবে।

| Name of Bank | Branch Name | Account Name (হিসাবের নাম) | Account Type and No. | |
|---|---|---|---|---|
| Pubali Bank Ltd. | Darus Salam Road Branch, Dhaka | Proshika Manobik Unnayan Kendra | SND | 2990102000580 |

**টাকা জমাদান স্লীপের কাস্টমার কপি A4 সাইজের সাদা কাগজে একটি ফটোকপি আবেদনপত্রের সাথে যুক্ত করে দিতে হবে, অন্যথায় আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।** টাকা জমাদানের কাস্টমারের মূল কপিটি প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ পর্যন্ত যত্নসহকারে সংরক্ষণ করতে হবে। **কোনো অবস্থাতেই খামের ভিতর 'আবেদন ফি' বাবদ নগদ অর্থ প্রেরণ গ্রহণযোগ্য হবে না।**

**আবেদন পাঠানোর শেষ তারিখঃ** আবেদনপত্র **৩১/০৮/২০২৫** তারিখের মধ্যে পাঠাতে হবে।

**আবেদন পাঠানোর ঠিকানাঃ**

পরিচালক, মানবসম্পদ বিভাগ, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রশিকা ভবন, আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। **খামের উপর স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।**

**চূড়ান্ত নিয়োগ প্রক্রিয়াঃ**

আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকা তৈরি করে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। প্রত্যেক প্রার্থীকে নিয়োগ পরীক্ষার তারিখ ও স্থান জানিয়ে প্রার্থীদের জীবনবৃত্তান্তে উল্লেখিত মোবাইল নম্বরে SMS পাঠানো হবে। প্রশিকার **http://www.proshikabd.com** ওয়েবসাইটে প্রার্থীদের নিয়োগ পরীক্ষার রোল নম্বর দেয়া হবে। সংস্থায় কর্মকালীন কোনো প্রকার আর্থিক অনিয়ম থেকে বিরত থাকার জন্য প্রশিকা থেকে সরবরাহকৃত নমুনা ফরমেট অনুযায়ী ৩০০ (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে জামিননামা প্রস্তুত করে জমা দিতে হবে। প্রশিক্ষণ চলাকালে সংস্থার নির্ধারিত ভেন্যুতে থাকার ব্যবস্থা করা হবে। প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার পর যোগ্য প্রার্থীদের শাখা অফিসে/উন্নয়ন এলাকায় পোস্টিং দেওয়া হবে। নিয়োগ সংক্রান্ত যে কোনো পরিবর্তিত সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং আবেদনপত্র বাতিল করা হবে।

**নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। মাদকাসক্তদের আবেদন করার প্রয়োজন নাই।**

সূত্রনং:এইচআরডি/২০২৫/৫৯৭